**26/2024**

**Roll No.** | | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

*Signature of Invigilator*

**Question Booklet Series** **Y**

**PAPER–II** **Question Booklet No.**

**Subject Code : 08**

# HISTORY

*Time : 2 Hours* *Maximum Marks: 200*

### *Instructions for the Candidates*

1. Write your Roll Number in the space provided on the top of this page as well as on the OMR Sheet provided.
2. At the commencement of the examination, the Question Booklet will be given to you. In the first 5 (five) minutes, you are requested to open the booklet and verify it:
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page.
   (ii) Faulty booklet, if detected, should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.
   (iii) Verify whether the Question Booklet Number is identical with OMR Sheet Number; if not, the full set is to be replaced.
   (iv) After this verification is over, the Question Booklet Series and Question Booklet Number should be entered on the OMR Sheet.
3. This paper consists of One Hundred (100) multiple-choice type questions. All the questions are compulsory. Each question carries *two* marks.
4. Each Question has four alternative responses marked: (A) (B) (C) (D) . You have to darken the circle as indicated below on the correct response against each question.
   *Example:* (A) (B) ● (D) , where (C) is the correct response.
5. Your responses to the questions are to be indicated correctly in the OMR Sheet. If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Rough work is to be done at the end of this booklet.
7. If you write your Name, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except in the space allotted for the relevant entries, which may disclose your identity or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
8. Do not tamper or fold the OMR Sheet in any way. If you do so, your OMR Sheet will not be evaluated.
9. You have to return the Original OMR Sheet to the invigilator at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry question booklet and duplicate copy of OMR Sheet after completion of examination.
10. **Use only Black Ball point pen.**
11. **Use of any calculator, mobile phone, electronic devices/gadgets etc. is strictly prohibited.**
12. **There is no negative marks for incorrect answer.**

### *পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী*

১. এই পৃষ্ঠার উপরিভাগের নির্দিষ্ট স্থানে এবং OMR পত্রের নির্দিষ্ট স্থানে নিজের ক্রমিক সংখ্যা (Roll Number) লিখুন।

২. পরীক্ষার সূচনায় প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) আপনাকে দেওয়া হবে। প্রথম ৫ (পাঁচ) মিনিটেই প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) খুলে নিবিড় ভাবে যাচাই করে নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে ঃ
   (i) প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) উন্মুক্ত করতে প্রচ্ছদ পৃষ্ঠার (cover page) প্রান্তস্থ কাগজের সীলটি আপনাকে খুলতে হবে।
   (ii) যদি প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ত্রুটিযুক্ত এমন নির্ধারিত হয়, তাহলে পরীক্ষা শুরুর প্রথম পাঁচ মিনিটের মধ্যে পরীক্ষা পরিদর্শক সেটি সঠিক প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) দ্বারা প্রতিস্থাপিত করে দেবেন। এই সময়ের পর কোনও ভাবে প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) প্রতিস্থাপন করা যাবে না। কোনও অতিরিক্ত সময়ও দেওয়া হবে না।
   (iii) প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) এবং OMR পত্রের নম্বর অভিন্ন আছে কিনা যাচাই করে নেবেন। নম্বরে অমিল থাকলে সম্পূর্ণ সেট্‌টি প্রতিস্থাপিত করতে হবে।
   (iv) যাচাই সম্পূর্ণ হলে প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) সিরিজ এবং প্রশ্নপত্র পুস্তিকার (Booklet) নম্বর OMR পত্রে লিপিবদ্ধ করতে হবে।

৩. এই পত্রটিতে একশত (১০০)-টি বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (Multiple-choice type questions) রয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান *দুই*।

৪. প্রতিটি প্রশ্নের উত্তররূপে চারটি বৃত্ত (Circle) চিহ্নিত বিকল্প উত্তর রয়েছে ঃ (A) (B) (C) (D)। নিম্নলিখিত নির্দেশমত আপনাকে সঠিক উত্তরটির বৃত্ত ঘন কালো করতে হবে।
   *উদাহরণ ঃ* (A) (B) ● (D), যেখানে সঠিক উত্তর (C) ।

৫. আপনার দেওয়া প্রশ্নের সঠিক উত্তরগুলি যেন OMR পত্রের নির্দিষ্ট স্থানেই দেওয়া হয়। OMR পত্রের নির্দিষ্ট বৃত্তের বাইরে উত্তর দিলে কোনও ভাবেই তা মূল্যায়িত হবে না।

৬. প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) শেষ অংশে রাফ কাজ (rough work) করবেন।

৭. OMR পত্রের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট তথ্য প্রদান ব্যতীত আপনি যদি অতিরিক্ত কোনও ব্যক্তিগত তথ্য যথা— নাম, ফোন নম্বর লেখেন অথবা এমন কোনও ইঙ্গিত দেন যার দ্বারা আপনার ব্যক্তিগত পরিচয় চিহ্নিত হতে পারে অথবা কোনও অবমাননাকর ভাষার প্রয়োগ হয় অথবা অসৎ কোনও উপায় অবলম্বন করা হয় যথা— আঁচড় দিয়ে বা সাদা কালি দিয়ে উত্তর পরিবর্তনের প্রয়াস করা হয়, সেক্ষেত্রে আপনি আপনার উত্তরপত্র বাতিলের জন্য দায়ী থাকবেন।

৮. OMR পত্রটি কোনও ভাবে ক্ষতিগ্রস্ত করবেন না বা ভাঁজ করবেন না। সেক্ষেত্রে আপনার OMR পত্রটি মূল্যায়িত হবে না।

৯. পরীক্ষা সমাপ্ত হলে আবশ্যিক ভাবে প্রকৃত (Original) OMR পত্রটি পরীক্ষা পরিদর্শককে জমা দিতে হবে এবং কোনও ভাবে এটি পরীক্ষা কক্ষের বাইরে নিজের সঙ্গে বহন করা যাবে না। আপনি অবশ্য পরীক্ষা সমাপ্ত হওয়ার পর প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ও OMR পত্রের প্রতিলিপি (Duplicate) কপিটি নিজের সঙ্গে বহন করে নিয়ে যেতে পারবেন।

১০. **শুধুমাত্র কালো বল্‌ পয়েন্ট পেন ব্যবহার করবেন।**

১১. **কোনও প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণের (ডিভাইস/গ্যাজেটস ইত্যাদি) ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।**

১২. **ভুল উত্তরের জন্য কোনও রকম নেতিবাচক (Negative) নম্বর দেওয়া হবে না।**

| | |
|---|---|
| **The Question Booklet is encrypted with QR code for security purpose.** | প্রশ্নপত্র পুস্তিকাটি নিরাপত্তার কারণে QR কোড দ্বারা এনক্রিপ্ট করা আছে। |

## History

1. *Lekhapaddhati* is a compilation of documents from which area?
   - (A) Gujarat
   - (B) Bengal
   - (C) Orissa
   - (D) Maharashtra

1. *লেখপদ্ধতি* কোন অঞ্চলের নথিপত্রের সংগ্রহ?
   - (A) গুজরাট
   - (B) বাংলা
   - (C) ওড়িষ্যা
   - (D) মহারাষ্ট্র

2. Who founded the Asiatic Society of Bengal?
   - (A) Warren Hastings
   - (B) Sir William Jones
   - (C) James Princep
   - (D) Mount Stuart Elphinstone

2. এশিয়াটিক সোসাইটি অফ বেঙ্গল কে প্রতিষ্ঠা করেন?
   - (A) ওয়ারেন হেস্টিংস
   - (B) স্যার উইলিয়াম জোনস
   - (C) জেমস প্রিন্সেপ
   - (D) মাউন্ট স্টুয়ার্ট এলফিনস্টোন

3. Which historian has argued that the decline of Harappan civilization was due to the shrinking of trade with Mesopotamia
   - (A) Shereen Ratnagar
   - (B) M. R. Sahni
   - (C) B. B. Lal
   - (D) Mortimer Wheeler

3. হরপ্পা সভ্যতার পতন ব্যাখ্যা করতে গিয়ে কোন ঐতিহাসিক মনে করেছেন, তা মেসোপটেমিয়ার সঙ্গে বাণিজ্যের অবনতির জন্যই ঘটেছিল।
   - (A) শিরিন রত্নাগর
   - (B) এম. আর. সাহনি
   - (C) বি. বি. লাল
   - (D) মর্টিমার উইলার

4. Which object was used in the bamboo mould for depicting margin paintings of Jahangir's album?
   - (A) Textile
   - (B) Paper
   - (C) Chair
   - (D) Glass panes

4. জাহাঙ্গীরের অ্যালবামে মারজিন চিত্রে বাঁশের ছাঁচে কী বস্তু ব্যবহৃত হয়েছিল?
   - (A) বস্ত্র
   - (B) কাগজ
   - (C) চেয়ার
   - (D) কাঁচের ফলক

5. Which ruler of Bengal supported Chakrayudha of Kanauj?
   - (A) Vainyagupta
   - (B) Vijaysen
   - (C) Dharmapala
   - (D) Sasanka

5. বাংলার কোন রাজা কনৌজের চক্রায়ুধকে সহায়তা করেন?
   - (A) বৈন্যগুপ্ত
   - (B) বিজয়সেন
   - (C) ধর্মপাল
   - (D) শশাঙ্ক

**6.** When was Calcutta Medical College established?

(A) 1848
(B) 1835
(C) 1857
(D) 1899

**6.** কলকাতা মেডিক্যাল কলেজ কবে প্রতিষ্ঠিত হয়?

(A) 1848
(B) 1835
(C) 1857
(D) 1899

**7.** Who among the following propounded the concept of state and sovereignty?

(A) Abdul Qadir Badauni
(B) Nizamuddin Ahmed
(C) Abdul Sattar
(D) Abul Fazl

**7.** নিম্নলিখিত কোন ঐতিহাসিক রাষ্ট্র-সম্পর্কিত ধারণা ও সার্বভৌমত্ব সম্পর্কিত তত্ত্বটি উপস্থাপন করেন?

(A) আব্দুল ক্বাদীর বদায়ুনী
(B) নিজামুদ্দিন আহমদ
(C) আব্দুল সাত্তার
(D) আবুল ফজল

**8.** Who was the author of book 'The foundation of Muslim Rule in India'?

(A) A. B. M. Habibullah
(B) Peter Jackson
(C) K. A. Nizami
(D) Ishwari Prasad

**8.** 'ফাউনডেশন অব্ মুসলিম রুল ইন ইন্ডিয়া' গ্রন্থের লেখক কে ছিলেন?

(A) এ. বি. এম. হাবিবুল্লাহ
(B) পিটার জ্যাকসন
(C) কে. এ. নিজামী
(D) ঈশ্বরী প্রসাদ

**9.** In Jainism 'perfect knowledge' is referred to as

(A) Jina
(B) Ratna
(C) Kaivalya
(D) Nirvana

**9.** জৈন ধর্মে 'প্রকৃত জ্ঞান' বলতে যা বোঝায়

(A) জিনা
(B) রত্না
(C) কৈবল্য
(D) নির্বাণ

**10.** Who was the first Muslim conqueror of Bengal?

(A) Mughisuddin Tughral
(B) Ali Mardan Khan
(C) Ikhtiyaruddin Muhammad-bin-Bakhtiyar Khalji
(D) Shamsuddin Iliyas Shah

**10.** প্রথম মুসলিম বাংলা বিজেতা কে ছিলেন?

(A) মুঘিসউদ্দিন তুঘরাল
(B) আলী মর্দান খান
(C) ইখতিয়ারউদ্দিন মহম্মদ-বিন-বখতিয়ার খলজী
(D) শামসুদ্দিন ইলিয়াস শাহ্

**11.** The author, who has argued that the *jajmani* system was the basis of the village community is

(A) Baden Powell
(B) Henry Maine
(C) Wiser
(D) Fukazawa

**11.** যে লেখক তর্ক উত্থাপন করেছিলেন যে *যজমানি* পদ্ধতি হল গ্রাম সম্প্রদায়ের মূল ভিত্তি, তিনি হলেন

(A) বাদেন পায়েল
(B) হেনরী মেন
(C) ওয়াইজার
(D) ফুকাজায়া

**12.** In which year did Vasco da Gama landed at Calicut?

(A) 1498
(B) 1598
(C) 1698
(D) 1798

**12.** কত খ্রিস্টাব্দে ভাস্কো দা গামা কালিকটে এসেছিলেন?

(A) 1498
(B) 1598
(C) 1698
(D) 1798

**13.** Who was Hemu?

(A) Prime Minister of Sher Shah
(B) Prime Minister of Adil Shah
(C) Prime Minister of Akbar
(D) Prime Minister of Jahangir

**13.** হিমু কে ছিলেন?

(A) শের শাহের প্রধানমন্ত্রী
(B) আদিল শাহের প্রধানমন্ত্রী
(C) আকবরের প্রধানমন্ত্রী
(D) জাহাঙ্গীরের প্রধানমন্ত্রী

**14.** Who deciphered Ashokan inscriptions?

(A) James Prinsep
(B) A. Cunningham
(C) Charles Masson
(D) Bratin Mukherjee

**14.** অশোকের শিলালেখের পাঠোদ্ধার কে করেছিলেন?

(A) জেমস প্রিন্সেপ
(B) এ. কানিংহাম
(C) চার্লস মেসন
(D) ব্রতীন মুখার্জী

**15.** The Federal Court of India was established in which year?

(A) 1935
(B) 1937
(C) 1946
(D) 1947

**15.** ভারতের ফেডারাল কোর্ট কোন সালে প্রতিষ্ঠিত হয়েছিল?

(A) 1935
(B) 1937
(C) 1946
(D) 1947

**16.** Who is the author of the book 'The Idea of History'?

(A) Marc Bloch

(B) E. H. Carr

(C) R. G. Collingwood

(D) D. D. Kosambi

**16.** 'দ্য আইডিয়া অফ হিস্ট্রি' গ্রন্থের রচয়িতা কে?

(A) মার্ক ব্লখ

(B) ই. এইচ. কার

(C) আর. জি. কলিংউড

(D) ডি. ডি. কোশাম্বী

**17.** Who introduced Iqta System in India?

(A) Qutbuddin Aibak

(B) Iltutmish

(C) Ghiyasuddin Balban

(D) Qaiqubad

**17.** ভারতবর্ষে কে ইক্তা প্রথা চালু করেন?

(A) কুতুবউদ্দিন আইবক

(B) ইলতুৎমিস

(C) গিয়াসউদ্দিন বলবন

(D) কাইকোবাদ

**18.** Who is the author of the book 'An Introduction to the Study of Indian History' written from a Marxist perspective?

(A) R. S. Sharma

(B) D. D. Kosambi

(C) Mohammad Habib

(D) Romila Thapar

**18.** মার্ক্সীয় পরিপ্রেক্ষিতে লেখা 'অ্যান ইনট্রোডাকশান টু দ্য স্টাডি অফ ইন্ডিয়ান হিস্ট্রি' বইয়ের লেখক কে?

(A) আর. এস. শর্মা

(B) ডি. ডি. কোসাম্বী

(C) মহম্মদ হাবিব

(D) রোমিলা থাপার

**19.** Who were the 'Nath Panthis'?

(A) Followers of Shankaracharyya

(B) Followers of Gorakhnath

(C) Followers of Guru Nanak

(D) Followers of Guru Govind Singh

**19.** 'নাথ পন্থী' কাদের বলা হত?

(A) শঙ্করাচার্যের শিষ্যকুল

(B) গোরক্ষনাথের শিষ্যকুল

(C) গুরু নানকের শিষ্যকুল

(D) গুরু গোবিন্দ সিং-এর শিষ্যকুল

**20.** Who was the Mughal Emperor, when Murshid Quli Khan set-up autonomous state in Bengal?

(A) Farrukh Siyar

(B) Ahmad Shah

(C) Muhammad Shah

(D) Alamgir II

**20.** যখন মুর্শিদ কুলী খান বাংলায় স্বায়ত্তশাসিত রাষ্ট্র প্রতিষ্ঠা করেন তখন মোগল সম্রাট কে ছিলেন?

(A) ফারুখ শিয়ার

(B) আহমদ শাহ্

(C) মহম্মদ শাহ্

(D) দ্বিতীয় আলমগীর

**21.** The 'Communist Manifesto' was published in

(A) 1815
(B) 1818
(C) 1914
(D) 1920

**21.** কম্যুনিস্ট ম্যানিফেস্টো কবে প্রকাশিত হয়?

(A) 1815
(B) 1818
(C) 1914
(D) 1920

**22.** The new crop introduced in medieval India from South American continent was

(A) Chilli
(B) Wheat
(C) Rice
(D) Cotton

**22.** যে নতুন ফসল দক্ষিণ আমেরিকা মহাদেশ থেকে মধ্যযুগীয় ভারতে এসেছে তা হল

(A) লঙ্কা
(B) গম
(C) ধান
(D) তুলা

**23.** Who was the author of Kadambari?

(A) Kalidasa
(B) Sudraka
(C) Harsha
(D) Banabhatta

**23.** কাদম্বরী কার রচনা?

(A) কালিদাস
(B) শূদ্রক
(C) হর্ষ
(D) বানভট্ট

**24.** Which of following was *not* included within the sixteen Mahajanapadas?

(A) Magadha
(B) Gandhara
(C) Chola
(D) Kosala

**24.** ষোলোটি মহাজনপদের মধ্যে নিম্নলিখিত কোনটি অন্তর্গত ছিল না?

(A) মগধ
(B) গান্ধার
(C) চোল
(D) কোশল

**25.** During the revolt of 1857 who was the most trusted advisor of Emperor Bahadur Shah

(A) Hakim Ahsanullah
(B) Prince Zawan Bakht
(C) Queen Zeenat Mahal
(D) Prince Bakht Khan

**25.** 1857-র বিদ্রোহের সময় বাদশাহ বাহাদুর শাহের সর্বাপেক্ষা বিশ্বস্ত পরামর্শদাতা কে ছিলেন?

(A) হাকিম আসানুল্লাহ
(B) শাহাজাদা জাওয়ান বক্ত
(C) বেগম জিনাত মহল
(D) শাহাজাদা বক্ত খান

**26.** The number of *Sreni* (guilds) mentioned by the Jatakas are

(A) 18
(B) 20
(C) 24
(D) 30

**26.** জাতকে উল্লিখিত শ্রেণি (গিল্ড) গুলির সংখ্যা ছিল

(A) 18
(B) 20
(C) 24
(D) 30

**27.** What was the name of the gold coins issued by the Guptas?

(A) Karshapana
(B) Dinara
(C) Rupyaka
(D) Pana

**27.** গুপ্তরাজাদের প্রবর্তিত স্বর্ণমুদ্রাকে কী বলা হত?

(A) কার্যাপন
(B) দিনার
(C) রূপ্যক
(D) পণ

**28.** Who was Kumarajiva?

(A) The monk who travelled to Tibet
(B) The monk who travelled to China
(C) The monk who travelled to Indonesia
(D) The monk who travelled to Central Asia

**28.** কুমারজীব কে ছিলেন?

(A) যে শ্রমণ তিব্বতে গিয়েছিলেন
(B) যে শ্রমণ চীনদেশে গিয়েছিলেন
(C) যে শ্রমণ ইন্দোনেশিয়াতে গিয়েছিলেন
(D) যে শ্রমণ মধ্য এশিয়াতে গিয়েছিলেন

**29.** *Manya* in the agrarian structure of the Vijaynagar kingdom implies

(A) tax free villages
(B) fallow land
(C) cultivated land
(D) group of villages

**29.** বিজয়নগর রাজ্যের কৃষি কাঠামোতে *মান্য* বলতে যা বোঝানো হত

(A) করমুক্ত গ্রাম
(B) অনাবাদি জমি
(C) আবাদি জমি
(D) গ্রাম্য দল

**30.** Which concept was *not* related to *Purushartha*?

(A) *Dharma*
(B) *Artha*
(C) *Kama*
(D) *Danda*

**30.** *পুরুষার্থের* সাথে কোন ধারণা সম্পৃক্ত নয়?

(A) *ধর্ম*
(B) *অর্থ*
(C) *কাম*
(D) *দণ্ড*

**31.** The 'Concept of Bharatavarsha and other Essays' was written by

(A) Romila Thapar
(B) B. D. Chattopadhyaya
(C) Ranabir Chakravarti
(D) Kunal Chakravarti

**31.** 'কন্সেপ্ট অফ ভারতবর্ষ এণ্ড আদার এসেস'-এর লেখক হলেন

(A) রোমিলা থাপার
(B) বি. ডি. চট্টোপাধ্যায়
(C) রণবীর চক্রবর্তী
(D) কুণাল চক্রবর্তী

**32.** Who among the early Indian Nationalists described India 'as a nation in the making'?

(A) Surendranath Banerjee
(B) Pheroze Shah Mehta
(C) K. T. Telang
(D) Dinshaw Wacha

**32.** কোন ভারতীয় জাতীয়তাবাদী নেতা ভারতকে বর্ণনা করেছিলেন 'এ নেশন ইন দ্যা মেকিং' রূপে?

(A) সুরেন্দ্রনাথ ব্যানার্জী
(B) ফিরোজ শাহ্ মেহতা
(C) কে. টি. তেলাং
(D) দিনশ ওয়াচা

**33.** Who were Khaksar?

(A) Memmber of Khaki uniform wearing quasi-military organisation
(B) The Muslim militia of the Nizam of Hyderabad
(C) The Wahabi militia
(D) The militant league volunteers

**33.** খাকসার কাদের বলা হত?

(A) খাঁকি পোষাক পরিহিত আধা সামরিক-সংগঠনের সদস্য
(B) হায়দ্রাবাদের নিজামের অধীনস্থ মুসলিম যোদ্ধা
(C) ওয়াহাবি যোদ্ধা
(D) সশস্ত্র স্বেচ্ছাসেবী সংগঠন

**34.** The philosophical school that accepts the authority of the Vedas was known as

(A) Astika
(B) Parasika
(C) Nastika
(D) Charvaka

**34.** যে দার্শনিক মত বেদের আধিপত্যকে স্বীকৃতি দেয়

(A) অস্তিক
(B) পরাসিক
(C) নাস্তিক
(D) চার্বাক

**35.** In which year did Bukka send an embassy to the Emperor of China?

(A) 1374
(B) 1390
(C) 1366
(D) 1363

**35.** বুক্কা কোন বছরে চীনের সম্রাটের নিকট দূত প্রেরণ করেন?

(A) 1374
(B) 1390
(C) 1366
(D) 1363

**36.** The concept of a 'Neolithic Revolution' was forwarded by whom?

(A) Gordon V. Childe
(B) Hegel
(C) Karl Marx
(D) D. D. Kosambi

**36.** 'নব্যপ্রস্তর বিপ্লব'-এর ধারণার অবতারণা করেন কে?

(A) গর্ডন ভি. চাইল্ড
(B) হেগেল
(C) কার্ল মার্ক্স
(D) ডি. ডি. কোশাম্বী

**37.** Which Sultan of Bengal is said to have shown great respect to saint Chaitanaya?

(A) Nusrat Shah
(B) Hussain Shah
(C) Azam Shah
(D) Ilyas Shah

**37.** বাংলার কোন সুলতান চৈতন্যকে গভীর শ্রদ্ধা প্রদর্শন করেছিলেন?

(A) নুসরৎ শাহ্
(B) হোসেন শাহ্
(C) আজম শাহ্
(D) ইলিয়াস শাহ্

**38.** Who founded the Indian League?

(A) Sisir Kumar Ghosh
(B) Surendranath Banerjee
(C) Anand Mohan Bose
(D) Khudiram Bose

**38.** কে ইন্ডিয়া লিগ প্রতিষ্ঠা করেন?

(A) শিশির কুমার ঘোষ
(B) সুরেন্দ্রনাথ ব্যানার্জী
(C) আনন্দ মোহন বোস
(D) ক্ষুদিরাম বোস

**39.** In which site do we find a portrait of Ashoka?

(A) Phanigiri
(B) Kanaganahalli
(C) Amaravati
(D) Nagarjunakonda

**39.** কোন স্থানে অশোকের প্রতিকৃতি পাওয়া যায়?

(A) ফানিগিরি
(B) কনগণহল্লি
(C) অমরাবতী
(D) নাগার্জুনাকোন্ড

**40.** In a mixed economy which of the two factors co-exist?

(A) Heavy industries and light industries
(B) Agrarian economy and industrial economy
(C) The poor and the rich
(D) Public sector and private sector

**40.** মিশ্র অর্থনীতিতে কোন দুটি বিষয়ের সহাবস্থান লক্ষ্য করা যায়?

(A) ভারী শিল্প এবং হাল্কা শিল্প
(B) কৃষি অর্থনীতি এবং শিল্প অর্থনীতি
(C) দরিদ্র এবং ধনী
(D) সরকারি ও বেসরকারি সংস্থা

**41.** A popular representation of the goddess Lakshmi flanked by two elephants holding a jar in their trunks is called

(A) Griha Lakshmi
(B) Lakshmishree
(C) Gaja Lakshmi
(D) Champak Lakshmi

**41.** লক্ষ্মী দেবীর যে প্রচলিত কল্পচিত্রে দেখা যায় তাঁর দুই পাশে দুই হস্তী একটি কলস তাদের শুঁড় দ্বারা ধারণ করে আছে, সেই চিত্রটিকে বলা হয়

(A) গৃহলক্ষ্মী
(B) লক্ষ্মী শ্রী
(C) গজ লক্ষ্মী
(D) চম্পক লক্ষ্মী

**42.** When was Bal Gangadhar Tilak popularly known as Lokmanya Tilak?

(A) When he became a well-known teacher
(B) When he started a newspaper that became very popular
(C) When the government accused him in the Rand murder case
(D) When he started the Shivaji and Ganapati festivals

**42.** বাল গঙ্গাধর তিলক লোকমান্য তিলক নামে কবে জনপ্রিয় হলেন?

(A) তিনি যখন একজন সুপরিচিত শিক্ষক হয়েছিলেন
(B) তিনি যখন একটি সংবাদপত্র শুরু করেছিলেন যেটি অত্যন্ত জনপ্রিয় হয়েছিল
(C) সরকার যখন তাকে রেন্ড হত্যা মামলায় দোষারোপ করেছিল
(D) তিনি যখন শিবাজী ও গণপতি উৎসব শুরু করেছিলেন

**43.** Which Sufi saint came to Bengal in 1053?

(A) Baba Adam Shah Shahid
(B) Jalaluddin Tabriji
(C) Shah Sultan Rumi
(D) Shah Jalal

**43.** কোন সুফী সাধক 1053 খ্রিস্টাব্দে বাংলায় এসেছিলেন?

(A) বাবা আদম শাহ্ শাহীদ
(B) জালালউদ্দিন তাবরীজি
(C) শাহ্ সুলতান রুমী
(D) শাহ্ জালাল

**44.** Who among the following was the leader of 'Mahagujarat Movement'?

(A) Sardar Patel
(B) Indulal Yagnik
(C) Savjibhai Korat
(D) Vinubhai Patel

**44.** নিম্নোক্তদের মধ্যে 'মহাগুজরাট আন্দোলন'-এর নেতা কে ছিলেন?

(A) সর্দার প্যাটেল
(B) ইন্দুলাল ইয়াগনিক
(C) সভজিভাই কোরাট
(D) ভিনুভাই প্যাটেল

**45.** Which one of the following states was not created under the States Reorganisation Act, 1956?

(A) Andhra Pradesh
(B) Kerala
(C) Maharastra
(D) Madhya Pradesh

**45.** 1956 সালে রাজ্য পুনর্গঠন আইনের মাধ্যমে নিম্নে উল্লিখিত কোন রাজ্য গঠিত হয়নি?

(A) অন্ধ্রপ্রদেশ
(B) কেরালা
(C) মহারাষ্ট্র
(D) মধ্যপ্রদেশ

**46.** The Battle of Saraighat was fought between the Mughals and the Ahoms in

(A) 1561
(B) 1661
(C) 1761
(D) 1880

**46.** মোগলদের সঙ্গে অহোমদের সরাইঘাটের যুদ্ধ হয়েছিল

(A) 1561 খ্রিস্টাব্দে
(B) 1661 খ্রিস্টাব্দে
(C) 1761 খ্রিস্টাব্দে
(D) 1880 খ্রিস্টাব্দে

**47.** Therigatha is a text related to

(A) Jainism
(B) Buddhism
(C) Ajivikas
(D) Charvaks

**47.** থেরীগাথা নামক গ্রন্থটি যার সঙ্গে সম্পৃক্ত

(A) জৈনধর্ম
(B) বৌদ্ধধর্ম
(C) আজিবিক
(D) চার্বাক

**48.** Which one of the following is the most recent addition to areas or techniques of historical research?

(A) Study of documents
(B) Counter factual history
(C) Economic history
(D) Military history

**48.** নিম্নলিখিত ঐতিহাসিক গবেষণার ধারা বা কৌশলের মধ্যে কোনটি সাম্প্রতিকতম সংযোজন?

(A) নথির অধ্যয়ন
(B) বিপরীতধর্মী ইতিহাস
(C) অর্থনৈতিক ইতিহাস
(D) সামরিক ইতিহাস

**49.** What is the meaning of 'Sulh-i-kul'?

(A) Peace with all
(B) Love for none
(C) Hatred for none
(D) Love for humanity

**49.** 'সুল-হি-কুল' শব্দের অর্থ কী?

(A) বিশ্বজনীন শান্তি
(B) কারুর প্রতি ভালোবাসা নয়
(C) কারও জন্য ঘৃণা নয়
(D) মানবতার জন্য ভালোবাসা

**50.** What is an amphora?

(A) A type of Roman pottery

(B) A type of Thai glazed pottery

(C) A type of Chinese pottery

(D) A type of Indian pottery

**50.** আমফোরা কী?

(A) রোমানদের ব্যবহৃত এক ধরনের মৃৎপাত্র

(B) থাইল্যাণ্ডে ব্যবহৃত এক ধরনের চকচকে মৃৎপাত্র

(C) চীনাদের ব্যবহৃত এক ধরনের মৃৎপাত্র

(D) ভারতে ব্যবহৃত এক ধরনের মৃৎপাত্র

**51.** Chandraketugarh was an urban centre which is famous for its

(A) Stone sculptures

(B) Terracotta sculptures and plaques

(C) Inscriptions

(D) Bronze sculptures

**51.** চন্দ্রকেতুগড় নগর বিখ্যাত ছিল তার

(A) পাথরের ভাস্কর্যের জন্য

(B) পোড়ামাটির ভাস্কর্য ও ফলক-এর জন্য

(C) লেখমালার জন্য

(D) ব্রোঞ্জ নির্মিত ভাস্কর্যের জন্য

**52.** The Strachey Commission was related to

(A) The Vernacular Press

(B) Famines

(C) Education

(D) Local Self-government

**52.** স্ট্রাচি কমিশন যার সঙ্গে সম্পর্কিত ছিল

(A) দি ভার্নাকুলার প্রেস

(B) দুর্ভিক্ষ

(C) শিক্ষা

(D) স্থানীয় স্বায়ত্তশাসন ব্যবস্থা

**53.** Ssuma Chien's *Sih-chi* does *not* include

(A) Dynastic annals

(B) History of Buddhism

(C) Biographies

(D) Narrations of war

**53.** সুমা চিয়েন-এর লেখা 'সি-চি'-র মধ্যে কোনটি অন্তর্ভুক্ত নয়

(A) রাজনৈতিক ইতিহাস

(B) বৌদ্ধধর্মের ইতিহাস

(C) আত্মধারণামূলক রচনা

(D) যুদ্ধের বর্ণনা

**54.** The Imperial Bank of India, after nationalisation was renamed as

(A) State Bank of India

(B) Reserve Bank of India

(C) Bank of India

(D) Indian Bank

**54.** জাতীয়করণের পর ইম্পেরিয়াল ব্যাঙ্কের নতুন নামকরণ হয়

(A) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

(B) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

(C) ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

(D) ইন্ডিয়ান ব্যাঙ্ক

**55.** Who declared that "by tolerating all religions Akbar was negating all"?

(A) Father Rodrigues
(B) Father Monserrate
(C) Tavernier
(D) Bernier

**55.** কে ঘোষণা করেন যে, 'সর্ব ধর্মের প্রতি শ্রদ্ধাশীল হয়ে আকবর সকল ধর্মকেই অস্বীকার করেছিলেন?

(A) ফাদার রডরিগস
(B) ফাদার মনসারেট
(C) টেভার্নিয়ার
(D) বার্নিয়ার

**56.** Which was the ancient site where Nagarjunakonda was located?

(A) Vijayapuri
(B) Vatapipuri
(C) Pattadakal
(D) Kaveripattinam

**56.** কোন প্রাচীনস্থানে নাগার্জুনাকোণ্ড অবস্থিত ছিল?

(A) বিজয়পুরী
(B) বাতাপিপুরী
(C) পট্টডকল
(D) কাবেরীপট্টিনম

**57.** Where do we find the 'shore' temple?

(A) Vishakhapattinam
(B) Kaveripattinam
(C) Mamallapuram
(D) Nagapattinam

**57.** তীর (শোর) মন্দির আমরা কোথায় দেখি?

(A) বিশাখাপট্টিনম
(B) কাবেরীপট্টিনম
(C) মামল্লপুরম
(D) নাগপট্টিনম

**58.** Which sage was born out of 'Kumbha'?

(A) Agasthya
(B) Bharadwaja
(C) Atri
(D) Vashistha

**58.** কোন ঋষির জন্ম কুম্ভ থেকে হয়?

(A) অগস্ত
(B) ভরদ্বাজ
(C) অত্রি
(D) বশিষ্ঠ

**59.** Who was the first women President of the Indian National Congress?

(A) Sarojini Naidu
(B) Annie Besant
(C) Sucheta Kripalani
(D) Madam Cama

**59.** ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম মহিলা সভাপতি কে ছিলেন?

(A) সরোজিনী নাইডু
(B) অ্যানি বেসান্ত
(C) সুচেতা কৃপালনী
(D) ম্যাডাম কামা

**60.** In which year did the Kakori Train Conspiracy take place?

(A) 1922
(B) 1923
(C) 1931
(D) 1925

**60.** কোন সালে কাকোরি রেল ষড়যন্ত্র অনুষ্ঠিত হয়?

(A) 1922
(B) 1923
(C) 1931
(D) 1925

**61.** The battle of Kharda (1795) was fought between which of the two powers?

(A) The British and Mysore
(B) The Marathas and Nizam
(C) The Sikhs and Afghans
(D) The British and Nizam

**61.** কোন দুটি শক্তির মধ্যে খারদার যুদ্ধ (1795) হয়েছিল?

(A) ব্রিটিশ ও মহীশূর
(B) মারাঠা ও নিজাম
(C) শিখ ও আফগান
(D) ব্রিটিশ ও নিজাম

**62.** The *Silsilat-ut-Tawarikh* by Sulaiman describes the history of the

(A) 7th century of Bengal
(B) 8th century of Bengal
(C) 9th century of Bengal
(D) 10th century of Bengal

**62.** সুলাইমান রচিত গ্রন্থ *সিলসিলাত-উৎ-তাওয়ারীখ* যে সময়ের ইতিহাস বর্ণনা করে

(A) সপ্তম শতাব্দীর বাংলার
(B) অষ্টম শতাব্দীর বাংলার
(C) নবম শতাব্দীর বাংলার
(D) দশম শতাব্দীর বাংলার

**63.** Who was the Governor of the Madras Presidency during the Vellore Mutiny (1806)?

(A) Sir John Craddock
(B) William Bentinck
(C) Sir Robert Gillespie
(D) John Blakiston

**63.** ভেলোর বিদ্রোহের (1806) সময় মাদ্রাজ প্রেসিডেন্সিতে গভর্নর কে ছিলেন?

(A) স্যার জন ক্রোডক
(B) উইলিয়াম বেন্টিঙ্ক
(C) স্যার রবার্ট গিলেস্‌পি
(D) জন ব্ল্যাকইস্টন

**64.** Which port in the Gujarat coast of India was very famous in the early historical period?

(A) Sopara
(B) Hatab
(C) Barygaza
(D) Cambay

**64.** আদি ঐতিহাসিক যুগে ভারতবর্ষের গুজরাট উপকূলের কোন বন্দর খুব বিখ্যাত ছিল?

(A) সোপারা
(B) হাতাব
(C) বারিগাজা
(D) ক্যাম্বে

**65.** The importance of private papers has been emphasized in whose writings?

(A) Ranke
(B) Braudel
(C) Namier
(D) Marc Bloch

**65.** কার লেখায় ব্যক্তিগত দলিল (প্রাইভেট পেপারস)-এর গুরুত্বের উপর জোর দেওয়া হয়েছে?

(A) র‍্যাঙ্কে
(B) ব্রদেল
(C) নেমিয়ার
(D) মার্ক ব্লখ

**66.** Who among the following was the Minister and Chief Advisor of Nana Saheb in 1857?

(A) Tantia Tope
(B) Bakht Khan
(C) Amirullah Khan
(D) Azimullah Khan

**66.** নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে 1857 সালে নানা সাহেবের মন্ত্রী ও প্রধান পরামর্শদাতা কে ছিলেন?

(A) তাঁতিয়া তোপে
(B) ভকত খান
(C) অমিরুল্লা খান
(D) অজিমুল্লাহ খান

**67.** Henry Elliot undertook a project of

(A) translating Arabic and Persian historical sources
(B) narrating cultural development in pre-colonial times
(C) writing a detailed history of medieval India
(D) compiling a full index of Muslim inscriptions

**67.** হেনরী এলিয়ট যে প্রকল্প গ্রহণ করেছিলেন তা হল

(A) আরবিয় এবং পারসিক ঐতিহাসিক উপাদানের অনুবাদ
(B) প্রাক-ঔপনিবেশিক সাংস্কৃতিক বিকাশের বর্ণনা
(C) মধ্যযুগের ভারতের বিশদ ইতিহাসের বর্ণনা
(D) মুসলিম শিলালিপির মূল নির্ঘণ্ট সংকলন

**68.** The Nair Service Society was founded by

(A) Chandra Menon
(B) T. M. Madhavan
(C) M. Padmanabha Pillai
(D) K. Ramkrishna Pillai

**68.** নায়ার সার্ভিস সোসাইটি যাঁর দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল

(A) চন্দ্র মেনন
(B) টি. এম. মাধবন
(C) এম. পদ্মনাভ পিল্লাই
(D) কে. রামকৃষ্ণ পিল্লাই

**69.** The author of *Remonstrantie* was

(A) Franchised Pelsaert

(B) Pietra Della Valle

(C) Thomas Roe

(D) Father Monserrate

**69.** *Remonstrantie*-এর লেখক ছিলেন

(A) ফ্র্যানচাইসড পেলসার্ট

(B) পিট্রারা ডেলা ভেলে

(C) টমাস রো

(D) ফাদার মনসারেট

**70.** In which year was the Regulating Act passed by the British Parliament?

(A) AD 1853

(B) AD 1775

(C) AD 1773

(D) AD 1855

**70.** কোন সালে ব্রিটিশ পার্লামেন্ট রেগুলেটিং অ্যাক্ট পাশ করেছিল?

(A) 1853 খ্রিস্টাব্দে

(B) 1775 খ্রিস্টাব্দে

(C) 1773 খ্রিস্টাব্দে

(D) 1855 খ্রিস্টাব্দে

**71.** Which Bijapuri ruler, wrote *Kitab-i-Nauras* and was also called Jagat Guru?

(A) Ibrahim Adil Shah II

(B) Ibrahim Adil Shah

(C) Yusuf Adil Shah

(D) Ali Adil Shah

**71.** কোন বিজাপুর শাসক *কিতাব-ই-নওরস*গ্রন্থের রচয়িতা এবং যাঁকে জগৎ গুরুও বলা হত?

(A) দ্বিতীয় ইব্রাহিম আদিল শাহ্

(B) ইব্রাহিম আদিল শাহ্

(C) ইউসুফ আদিল শাহ্

(D) আলি আদিল শাহ্

**72.** Manu prescribes how many *samskaras*?

(A) 9

(B) 12

(C) 15

(D) 18

**72.** মনু কতগুলি *সংস্কার*-এর নির্দেশ দিয়েছেন?

(A) 9

(B) 12

(C) 15

(D) 18

**73.** When was the Frescoes of the Ajanta caves completed?

(A) 1st century CE

(B) 3rd century CE

(C) 7th century CE

(D) 10th century CE

**73.** অজন্তা গুহার ফ্রেস্কোগুলির কাজ কোন সময়ে শেষ হয়েছিল?

(A) খ্রিস্টীয় প্রথম শতকে

(B) খ্রিস্টীয় তৃতীয় শতকে

(C) খ্রিস্টীয় সপ্তম শতকে

(D) খ্রিস্টীয় দশম শতকে

**74.** The electric telegraph in India was the brainchild of

(A) William O Shaughnessy
(B) Robert MacDonald Stephenson
(C) Joseph Seaton
(D) Captain Davidson

**74.** ভারতীয় বৈদ্যুতিন তার ব্যবস্থা (ইলেকট্রিক টেলিগ্রাফ) যাঁর মস্তিষ্ক প্রসূত ছিল

(A) উইলিয়াম ও সাউঘনেসি
(B) রবার্ট ম্যাকডোনাল্ড স্টিফেনসন
(C) জোসেফ সীটন
(D) ক্যাপ্টেন ডেভিডসন

**75.** What is an araghatta?

(A) A device for ploughing
(B) A device for irrigation
(C) A device for weighing grains
(D) A merchant guild

**75.** অরঘট্ট বলতে কী বোঝা যায়?

(A) একটি হলকর্ষণের যন্ত্র
(B) একটি জলসেচের যন্ত্র
(C) একটি শস্য ওজনের যন্ত্র
(D) একটি বণিক সঙ্ঘ (গিল্ড)

**76.** Who composed Manimekalai?

(A) Sattanar
(B) Ilango Adigal
(C) Akkadevi
(D) Adikavi Pampa

**76.** মনিমেকলাই কে রচনা করেন?

(A) সাত্তানার
(B) ইলাঙ্গো আদিগল
(C) আক্কাদেবী
(D) আদিকবি পম্পা

**77.** A Hindu saint, who was called 'Ruhullah' by the contemporary Muslim historians, was

(A) Swami Narayan Singh
(B) Pran Nath
(C) Ram Charan
(D) Balram Hari

**77.** যে হিন্দু সাধুকে সমসাময়িক মুসলিম ঐতিহাসিকরা 'রুহুলুল্লাহ' বলে অভিহিত করেন, তিনি হলেন

(A) স্বামী নারায়ণ সিং
(B) প্রাণ নাথ
(C) রাম চরণ
(D) বলরাম হরি

**78.** In which battle did the Mughals finally conquer Bengal?

(A) Battle of Tukaroi
(B) Battle of Rajmahal
(C) Battle of Chausa
(D) Battle of Palassy

**78.** কোন যুদ্ধে মোগলরা চূড়ান্তভাবে বাংলা জয় করেন?

(A) তুকারোয়ের যুদ্ধ
(B) রাজমহলের যুদ্ধ
(C) চৌসার যুদ্ধ
(D) পলাশীর যুদ্ধ

**79.** Who was the first Speaker of the Indian Parliament?

(A) G. V. Mavalankar
(B) K. M. Munshi
(C) Dr. Rajendra Prasad
(D) Dr. B. R. Ambedkar

**79.** ভারতের পার্লামেন্টের প্রথম স্পিকার (অধ্যক্ষ) কে ছিলেন?

(A) জি. ভি. মাভালঙ্কার
(B) কে. এম. মুন্সী
(C) ডঃ রাজেন্দ্র প্রসাদ
(D) ডঃ বি. আর. আম্বেদকর

**80.** Which of the following modern historians opined that gun and gun powder were known to both Indians and Babur?

(A) M. Athar Ali
(B) Rushbrooke Williams
(C) Irfan Habib
(D) Iqtidar Alam Khan

**80.** নিম্নে উল্লিখিত কোন আধুনিক ঐতিহাসিক মত প্রকাশ করেন যে ভারতীয়রা এবং বাবর বন্দুক ও বারুদের ব্যবহার জানতেন?

(A) এম. আথার আলি
(B) রাসব্রুক উইলিয়মস
(C) ইরফান হাবিব
(D) ইখতিদার আলম খান

**81.** When did Ibn Batuta come to Bengal?

(A) 1346
(B) 1546
(C) 1646
(D) 1746

**81.** ইবন বতুতা কখন বাংলায় এসেছিলেন?

(A) 1346
(B) 1546
(C) 1646
(D) 1746

**82.** What does *Majma-ul-Baharain* mean?

(A) Meeting of two religions
(B) Meeting of two countries
(C) Meeting of two provinces
(D) Meeting of two oceans

**82.** '*মাজমা-উল-বাহারিন*' শব্দের অর্থ কী?

(A) দুই ধর্মের মিলন
(B) দুই দেশের মিলন
(C) দুই প্রদেশের মিলন
(D) দুই সমুদ্রের মিলন

**83.** A powerful merchant guild of early medieval South India was known as

(A) Ayyavole
(B) Bhikkhu
(C) Arhat
(D) Araghatta

**83.** আদি মধ্যযুগের দক্ষিণ ভারতীয় একটি প্রতাপশালী বণিক সঙ্ঘ (গিল্ডকে) বলা হত যে

(A) আইয়াভোল
(B) ভিক্ষু
(C) অর্হত
(D) আরাঘাট্টা

**84.** The Supreme Court at Calcutta was established by which Act?

(A) The Regulating Act of 1773
(B) Pitt's India Act of 1784
(C) Charter Act of 1793
(D) Charter Act of 1813

**84.** কলকাতায় উচ্চতম আদালত (সুপ্রিম কোর্ট) প্রতিষ্ঠিত হয় কোন অ্যাক্টের মাধ্যমে?

(A) 1773-এর রেগুলেটিং অ্যাক্ট
(B) 1784-এর পিটের ভারত শাসন আইন
(C) 1793-এর চার্টার আইন
(D) 1813-এর চার্টার আইন

**85.** The office of Governor-General of India was created by the

(A) Government of India Act, 1833
(B) Government of India Act, 1858
(C) Charter Act, 1833
(D) Charter Act, 1813

**85.** ভারতের গভর্নর জেনারেল-এর অফিস যে আইনের দ্বারা তৈরি

(A) 1833 সালের ভারত শাসন আইন
(B) 1858 সালের ভারত শাসন আইন
(C) 1833 সালের চার্টার (সনদ) আইন
(D) 1813 সালের চার্টার (সনদ) আইন

**86.** The month scale in the *mansabdari* system was introduced during whose reign?

(A) Jahangir
(B) Shahjahan
(C) Aurangzeb
(D) Muhammad Shah

**86.** কোন সম্রাটের রাজত্বকালে মনসবদারী প্রথায় 'মন্থ-স্কেল'-এর সূচনা হয়েছিল?

(A) জাহাঙ্গীর
(B) শাহ্জাহান
(C) ঔরঙ্গজেব
(D) মহম্মদ শাহ্

**87.** Who wrote the critique of American society called The Sociological Imagination?

(A) E. J. Hobsbawm
(B) Paul Sweezy
(C) C. W. Mills
(D) Paul Thompson

**87.** আমেরিকার সমাজবিজ্ঞানের সমালোচনামূলক গ্রন্থ 'দ্য সোশিওলোজিকাল ইমাজিনেশন'-এর লেখক কে ছিলেন?

(A) ই. জে. হবসবম
(B) পল সুইজি
(C) সি. ডব্লু. মিলস
(D) পল থম্পসন

**88.** Which Charter Act permitted Christian Missionaries to enter India?

(A) 1786
(B) 1813
(C) 1833
(D) 1853

**88.** কোন চার্টার আইন খ্রিস্টান মিশনারীদের ভারতে প্রবেশের অনুমতি দিয়েছিল?

(A) 1786
(B) 1813
(C) 1833
(D) 1853

**89.** The term *turushka danda* is found exclusively in the land grants of

(A) Gahadvalas

(B) Chahmanas

(C) Chandellas

(D) Pratiharas

**89.** *তুরুষ্ক দণ্ড* শব্দটি কাদের জমিদানের পট্টে পাওয়া যায়?

(A) গাহড়বাল

(B) চাহমান

(C) চাণ্ডেল

(D) প্রতিহার

**90.** The famous book "Historia" written by Herodotus is divided into how many volumes?

(A) 10

(B) 9

(C) 15

(D) 20

**90.** হেরোডোটাস রচিত বিখ্যাত গ্রন্থ "হিসটোরিয়া" ক'টি খণ্ডে বিভক্ত?

(A) 10

(B) 9

(C) 15

(D) 20

**91.** Who launched 'the Self Respect Movement' in 1925?

(A) Naicker E. V. Ramaswami

(B) Sarojini Naidu

(C) Annie Besant

(D) Pandita Ramabai

**91.** 1925 সালে কে 'আত্মসম্মান আন্দোলন' (Self Respect Movement) শুরু করেছিলেন?

(A) নাইকার ই. ভি. রামাস্বামী

(B) সরোজিনী নাইডু

(C) অ্যানি বেসান্ত

(D) পন্ডিতা রমাবাই

**92.** The Planning Commission is

(A) a government department

(B) an autonomous corporation

(C) an advisory body of the government

(D) a society registered under the Registration of Societies Act, 1860

**92.** পরিকল্পনা কমিশন (প্ল্যানিং কমিশন) হল

(A) একটি সরকারি বিভাগ

(B) স্বায়ত্বশাসিত পৌরসভা

(C) সরকারি পরামর্শদাতা (অ্যাডভাইসরি) কমিটি

(D) রেজিস্ট্রেশন অফ সোসাইটিস অ্যাক্ট, 1860 সালের অধীনস্ত একটি সোসাইটি

**93.** Who was the founder of *Hazarduari* building of Murshidabad?

(A) Siraj-ud-Daulah

(B) Mir Jafar

(C) Mir Kasim

(D) Humayun Jah

**93.** মুর্শিদাবাদের *হাজার দুয়ারী* অট্টালিকার প্রতিষ্ঠাতা কে ছিলেন?

(A) সিরাজ-উদ-দৌলা

(B) মীর জাফর

(C) মীর কাসিম

(D) হুমায়ুন জা

**94.** The Jallianwala Bagh massacre happened in the context of which Gandhian Satyagraha?

(A) Champaran Satyagraha
(B) Civil disobedience movement
(C) Bardoli Satyagraha
(D) Rowlatt Satyagraha

**94.** কোন গান্ধীবাদী সত্যাগ্রহের প্রেক্ষাপটে জালিয়ানওয়ালাবাগ হত্যাকান্ড ঘটেছিল?

(A) চম্পারণ সত্যাগ্রহ
(B) আইন অমান্য আন্দোলন
(C) বরদৌলি সত্যাগ্রহ
(D) রাওলাট সত্যাগ্রহ

**95.** Which Delhi Sultan declared himself as the Caliph?

(A) Alauddin Khalji
(B) Qutbuddin Mubarak Shah
(C) Muhammad-bin-Tughluq
(D) Firoz Shah Tughluq

**95.** কোন্ দিল্লী সুলতান নিজেকে খলিফা হিসেবে ঘোষণা করেছিলেন?

(A) আলাউদ্দিন খলজী
(B) কুতুবউদ্দিন মোবারক শাহ্
(C) মহম্মদ-বিন-তুঘলক
(D) ফিরোজ শাহ্ তুঘলক

**96.** In which session of the Indian National Congress was the 'Quit India' resolution adopted?

(A) Bombay
(B) Poona
(C) Allahabad
(D) Nagpur

**96.** ভারতীয় জাতীয় কংগ্রেসের কোন অধিবেশনে 'ভারত ছাড়ো' সিদ্ধান্ত গৃহীত হয়?

(A) বোম্বাই
(B) পুণা
(C) এলাহাবাদ
(D) নাগপুর

**97.** Which historian talks about 'Little Kingdoms' in Odisha?

(A) B. D. Chattopadhyaya
(B) Hermann Kulke
(C) B. P. Sahu
(D) Subrata Acharya

**97.** কোন ঐতিহাসিক ওড়িষ্যার 'লিট্‌ল কিংডমস্'-এর কথা বলেছেন?

(A) বি. ডি. চট্টোপাধ্যায়
(B) হারমান্ কুলকে
(C) বি. পি. সাহু
(D) সুব্রত আচার্য

**98.** Sharda Act of 1929 was named after

(A) Harvilas Sharda
(B) Sharda Prasad
(C) Sarojini Naidu
(D) Pandita Ramabai

**98.** 1929-এর সারদা আইন যাঁর নামে চিহ্নিত

(A) হরবিলাস সারদা
(B) সারদা প্রসাদ
(C) সরোজিনী নাইডু
(D) পন্ডিতা রমাবাই

**99.** The Maratha Peshwa at the third battle of Panipat (1761) was

(A) Baji Rao I

(B) Baji Rao II

(C) Balaji Baji Rao

(D) Raghunath Rao

**99.** তৃতীয় পানিপথ যুদ্ধের (1761) সময় মারাঠা পেশওয়া ছিলেন

(A) প্রথম বাজী রাও

(B) দ্বিতীয় বাজী রাও

(C) বালাজী বাজী রাও

(D) রঘুনাথ রাও

**100.** Udaygiri cave no. 5 depicts which God?

(A) Siva

(B) Vishnu

(C) Brahma

(D) Krishna

**100.** উদয়গিরির পাঁচ নম্বর গুহায় কোন দেবতার প্রতিকৃতি পাওয়া যায়?

(A) শিব

(B) বিষ্ণু

(C) ব্রহ্মা

(D) কৃষ্ণ

**Space for Rough Work**